# Business Squad

পরীক্ষার নাম: GST Accounting Test-04
সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 20 টি | মোট নম্বর: 20 × 1 = 20
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) রেওয়ামিলের উভয় দিক মিলবে যদি: (Accounting)
A). নগদান হিসাবসমূহের ক্রেডিট পোস্টিং ৫২৫ টাকা বাদ পড়ে
B). ভাড়া খরচ হিসাবের ডেবিট ৪৭৫ টাকার স্থলে ৪৫৭ টাকা পোস্টিং করা হয়
C). সাপ্লাইজ অ্যাকাউন্টের ডেবিট ৯,০০০ টাকা ইকুইপমেন্ট অ্যাকাউন্টে ৯০০ টাকা পোস্টিং করা হয়
D). ভাড়া প্রদানের একটি লেনদেন রেকর্ড করা না হয়
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ D). ভাড়া প্রদানের একটি লেনদেন রেকর্ড করা না হয়,

2) অবিরত মজুদ পদ্ধতিতে একটি বিক্রয়কারী কোম্পানিতে নিচের কোন হিসাব থাকবে? (Accounting)
A). জন্ম
B). বিক্রীত পণ্যের ব্যয়
C). অন্তঃপরিবহন
D). ক্রয় বাট্টা
আপনার উত্তরঃ A). জন্ম,
সঠিক উত্তরঃ B). বিক্রীত পণ্যের ব্যয়,

3) হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত হয় তাকে কী ভুল বলেন? (Accounting)
A). বাদ পড়া
B). লেখার ভুল
C). নীতিগত ভুল
D). পরিপূরক ভুল
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). লেখার ভুল,

4) জনাব- করিম এর কাছে পাওনা টাকা রহিম-এর হিসাবে ডেবিট করা হলে, এটা কী ধরনের ভুল? (Accounting)
A). বাদ পড়ার ভুল
B). নীতিগত ভুল
C). খতিয়ানভুক্তির ভুল
D). পরিপূরক ভুল
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ C). খতিয়ানভুক্তির ভুল,

5) একটি হিসাবের জের ২৯ টাকা ভুলবশত উল্টোপাশে ৯২ টাকা লেখা হলে রেওয়ামিলের দুই পাশের পার্থক্য কত হবে? (Accounting)
A). ৫৪ টাকা
B). ২৯ টাকা
C). ৯২ টাকা
D). ১২১ টাকা
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ D). ১২১ টাকা,

Business Squad

6) সুদ অর্জিত কিন্তু এখনও পাওয়া যায় নাই, সেক্ষেত্রে জাবেদা হবে: (Accounting)
A). নগদান হিসাব ডেবিট, সুদ আয় হিসাব ক্রেডিট
B). সুদ আয় হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
C). প্রাপ্য সুদ হিসাব ডেবিট, সুদ আয় হিসাব ক্রেডিট
D). প্রদেয় সুদ হিসাব ডেবিট, সুদ আয় হিসাব ক্রেডিট
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ C). প্রাপ্য সুদ হিসাব ডেবিট, সুদ আয় হিসাব ক্রেডিট,

7) ৩ বছরের জন্য বিমা খরচ নগদে প্রদান করলে সেক্ষেত্রে জাবেদা হবে: (Accounting)
A). বিমা খরচ ডেবিট, নগদান ক্রেডিট
B). অগ্রিম বিমা ডেবিট, নগদান ক্রেডিট
C). নগদান ডেবিট, বিমা খরচ ক্রেডিট
D). নগদান ডেবিট, অগ্রিম বিমা ক্রেডিট
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). অগ্রিম বিমা ডেবিট, নগদান ক্রেডিট,

8) আর্থিক বছরের শেষে বকেয়া বেতনের সমন্বয় এন্ট্রি অসতর্কতার কারণে বাদ পড়ে যায়। এ ভুলের কারণে: (Accounting)
A). বছরের খরচ কম দেখানো হবে
B). বছরের নিট আয় বেশি দেখানো হবে
C). বছরের শেষে দায় কম দেখানো হবে
D). উপরের সবগুলো
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ D). উপরের সবগুলো,

২০০৫ সালে ৮ বছরের জন্য ৬০,০০০ টাকা বিনিয়োগ করা হলো। বিনিয়োগের উপর সুদের হার ১০%। ৩১ ডিসেম্বর বকেয়া সুদ আয় বাবদ ৩,৫০০ টাকার সমন্বয় দাখিলা প্রদান করা হয়।

9) বিনিয়োগের তারিখ ছিল: (Accounting)
A). আগস্ট ১
B). মে ১
C). জুন ১
D). জুলাই ১
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ C). জুন ১,

10) কম্পিউটার ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান কম্পিউটার ক্রয়কে পণ্য হিসেবে ডেবিট করেছে। এটা কোন ধরনের ভুল? (Accounting)
A). লেখার ভুল
B). পরিপূরক ভুল
C). নীতিগত ভুল
D). কোনোটিই নয়
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ D). কোনোটিই নয়,

Business Squad

১ এপ্রিল, ২০২৩ তারিখে তিন বছরের জন্য প্রদত্ত বিমা প্রিমিয়ামের ৩৬,০০০ টাকা বিমা খরচ হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে।

11) ৩০ এপ্রিল, ২০২৩ তারিখে এ লেনদেনের সমন্বয় দাখিলা কী হবে? (Accounting)

A). বিমা খরচ হিসাব ৩৬,০০০ টাকা ডেবিট; নগদান হিসাব ৩৬,০০০ টাকা ক্রেডিট

B). বিমা খরচ হিসাব ১,০০০ টাকা ডেবিট; অগ্রিম বিমা হিসাব ১,০০০ টাকা ক্রেডিট

C). অগ্রিম বিমা হিসাব ৩৫,০০০ টাকা ডেবিট; বিমা খরচ হিসাব ৩৫,০০০ টাকা ক্রেডিট

D). অগ্রিম বিমা হিসাব ১,০০০ টাকা ডেবিট; বিমা খরচ হিসাব ১,০০০ টাকা ক্রেডিট

আপনি এই প্রশ্নের উত্তর দেননি

সঠিক উত্তরঃ C). অগ্রিম বিমা হিসাব ৩৫,০০০ টাকা ডেবিট; বিমা খরচ হিসাব ৩৫,০০০ টাকা ক্রেডিট,

12) নিচের কোনটির জন্য সমন্বয় জাবেদার প্রয়োজন হয় না? (Accounting)

A). অগ্রিম বিমা

B). বকেয়া খরচ

C). অবচয়

D). অর্জিত আয়

আপনি এই প্রশ্নের উত্তর দেননি

সঠিক উত্তরঃ D). অর্জিত আয়,

13) বছর শেষে সমন্বয়পূর্ব অগ্রিমদত্ত ভাড়া হিসাবের জের ছিল ৩২,০০০ টাকা, যেখানে ডিসেম্বরের ১ তারিখে ৪ মাসের অগ্রিমভাড়া দেওয়া ছিল। ৩১ ডিসেম্বর তারিখে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা নিম্নরূপ: (Accounting)

A). ভাড়া খরচ ডেবিট ২৪,০০০ টাকা; অগ্রিমপ্রদত্ত ভাড়া ক্রেডিট ২৪,০০০ টাকা

B). অগ্রিমপ্রদত্ত ভাড়া ডেবিট ৮,০০০ টাকা; ভাড়া খরচ ক্রেডিট ৮,০০০ টাকা

C). অগ্রিমপ্রদত্ত ভাড়া ডেবিট ২৪,০০০ টাকা; ভাড়া খরচ ক্রেডিট ২৪,০০০ টাকা

D). ভাড়া খরচ ডেবিট ৮,০০০ টাকা; অগ্রিমপ্রদত্ত ভাড়া ক্রেডিট ৮,০০০ টাকা

আপনি এই প্রশ্নের উত্তর দেননি

সঠিক উত্তরঃ D). ভাড়া খরচ ডেবিট ৮,০০০ টাকা; অগ্রিমপ্রদত্ত ভাড়া ক্রেডিট ৮,০০০ টাকা,

14) যদি একটি নির্দিষ্ট সমন্বয় এন্ট্রির ডেবিট দিক দ্বারা সম্পত্তি হিসাবের বৃদ্ধি ঘটে, তবে এর ক্রেডিট দিক দ্বারা: (Accounting)

A). সম্পত্তি হিসাব কমবে

B). দায় হিসাব বাড়বে

C). দায় হিসাব কমবে

D). মালিকানা স্বত্ব কমবে

আপনি এই প্রশ্নের উত্তর দেননি

সঠিক উত্তরঃ B). দায় হিসাব বাড়বে,

15) হিসাবচক্রের কোন ধাপে রেওয়ামিল প্রস্তুত করা হয়? (Accounting)

A). জাবেদাভুক্তকরণ

B). খতিয়ানভুক্তকরণ

C). সংক্ষিপ্তকরণ

D). আর্থিক বিবরণী প্রস্তুত

আপনি এই প্রশ্নের উত্তর দেননি

সঠিক উত্তরঃ C). সংক্ষিপ্তকরণ,

Business Squad

16) কার্যপত্রে কোনটি লিপিবদ্ধ হয় না? (Accounting)
A). উত্তোলন
B). সমাপনী দাখিলা
C). সমন্বয় দাখিলা
D). লাভ-ক্ষতির সময়কাল
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). সমাপনী দাখিলা,

17) ওয়ার্কশিট এক ধরনের - (Accounting)
A). খতিয়ান
B). খসড়াপত্র
C). জাবেদা
D). আর্থিক বিবরণী
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). খসড়াপত্র,

18) আর্থিক প্রতিবেদন তৈরির জন্য কোনটি খসড়া হিসেবে প্রস্তুত করা হয়? (Accounting)
A). রেওয়ামিল
B). সমন্বয় দাখিলা
C). বন্ধকরণ দাখিলা
D). কার্যপত্র
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ D). কার্যপত্র,

19) একটি হিসাবের জের ৯০ টাকা রেওয়ামিলে ভুলপাশে দুবার লেখা হয়েছে। অন্যান্য সবকিছু ঠিক থাকলে দুই পাশের পার্থক্য হবে (Accounting)
A). ৯০ টাকা
B). ১৮০ টাকা
C). ২৭০ টাকা
D). ৩৬০ টাকা
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ C). ২৭০ টাকা,

20) অবিরত মজুদ পদ্ধতিতে একটি ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানের রেওয়ামিলে নিচের কোন হিসাবের জের থাকবে না? (Accounting)
A). প্রারম্ভিক মজুদ
B). বিক্রয় ফেরত
C). বিক্রয় বাট্টা
D). বিক্রীত পণ্যের ব্যয়
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ A). প্রারম্ভিক মজুদ,

Business Squad

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।